

120

প্রাথমিক বিদ্যালয়টির

সংস্কার চাই

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার বড়কুপট একটি বৃহৎ গ্রাম। প্রায় দু'শ' বর্গ আগে স্থাপিত এ গ্রামের প্রাথমিক বিদ্যালয়টি সংস্কারের অভাবে ব্যবহারের অসুবিধাগ্রস্ত হয়ে পড়েছে। এই এলাকার দরিদ্র জনসাধারণের প্রায় ছ'শ' ছেলেমেয়ে এ স্কুলটিতে পড়াশুনা করে। প্রয়োজনীয় বেকের অভাবে ছেলেমেয়েদের মেঝেতে বসে ক্লাস করতে হয়। পূর্বে এ স্কুলটিতে শিক্ষক ছিলেন চারজন, বর্তমানে সেখানে তিনজন শিক্ষক কাজ করছেন। তাদের পক্ষে সবক'টি ক্লাস নেয়া সম্ভব হয়ে ওঠে না। বর্ষার সময় স্কুলটিতে পানি পড়ে। ফলে ছাত্র-শিক্ষকের দাঁড়াবার জায়গাও থাকে না।

পরীক্ষা পিছানোর

পিছনে সমস্যা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৮৭ইং সালের ডিগ্রী পরীক্ষার তারিখ বার বার পরিবর্তন করার ফলে, আমাদের সাধারণ পরিবারের ছাত্রদের দারুণ সমস্যা দেখা যাইতেছে। কারণ, বাবা-মা আমাদের এখন একটা সমস্যা স্বরূপ মনে করিতেছেন। আমাদের পিছনে অর্থ ব্যয় ব্যতীত কোন সাহায্য পাইতেছে না এবং ভবিষ্যতে পাইবেন এমন কোন আশা বাংলাদেশে করা যাইতেছে না। সুতরাং বন্যাতদের পরিস্থিতি বিবেচনা করিয়া ১৯৮৭ সালের ডিগ্রী পরীক্ষা ১৯৮৭ সালেই শেষ করার জন্য সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

এস. এম. বাবুল ও
এস. এম. সুরোয়ার,
সরকারী গৌরনদী কলেজ,
গৌরনদী, বরিশাল।